# এইচএসসি পরীক্ষা ২০১৭ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা-প্রথম পত্র বিষয় কোড: ২ ৭ ৭

সময় — ২ ঘণ্টা ১০ মিনিট সৃজনশীল প্রশ্ন পূর্ণমান — ৬০

[দ্রষ্টব্য :- দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। যে কোনো ছয়টি প্রশ্নের উত্তর দাও। প্রত্যেক প্রশ্নের মান ১০।]

১.▶ মি. জামান মৌসুমের সময় বিভিন্ন জেলা হতে আলু সংগ্রহ করে নিজস্ব কোল্ডস্টোরেজে সংরক্ষণ করেন। সারা বছর নিজস্ব পরিবহন ব্যবস্থার মাধ্যমে দেশের বিভিন্ন জেলায় সরবরাহ করেন। বিভিন্ন জেলায় প্রতিনিধিদের মাধ্যমে আলু ব্যবসায়ীদের নিকট থেকে সংগ্রহ করা হয়। সাধারণত ১০০ কেজির নিচে অর্ডার গ্রহণ করা হয় না।

ক. পুনঃ রপ্তানী কী? ১

খ. সামাজিক ব্যবসায় বলতে কী বুঝ? ২

গ. মি. জামান কোন ধরনের অভ্যন্তরীণ বাণিজ্যের সাথে জড়িত? ব্যাখ্যা কর। ৩

ঘ. "মি. জামান পণ্য বিনিময়ের পাশাপাশি বিনিময় সহায়ক কার্যাবলীর সাথেও সম্পৃক্ত" – উক্তিটি বিশ্লেষণ কর। ৪

২.▶ রাশেদ, নাহিদ ও তানজিম পারস্পরিক সমঝোতার ভিত্তিতে একটি ব্যবসায় প্রতিষ্ঠান গড়ে তুললেন যেখানে সবার দায় অসীম। নাহিদ কারবার পরিচালনায় অংশগ্রহণ করলেও বাকিরা তা করে না। হঠাৎ নাহিদ ও তানজিম দেউলিয়া ঘোষিত হওয়ায় রাশেদ কারবারের অস্তিত্ব নিয়ে ব্যাপক ঝামেলায় পড়েছেন।

ক. বাংলাদেশে অংশীদারি আইন কত সালের? ১

খ. পারস্পরিক প্রতিনিধিত্ব কেন গুরুত্বপূর্ণ? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের ব্যবসায়টি কোন ধরনের অংশীদারি কারবার? ব্যাখ্যা কর। ৩

ঘ. কারবারের অস্তিত্ব রক্ষায় কিছু করণীয় আছে কী? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

৩.▶ চিত্রটি লক্ষ্য কর :

| | | | |
|---|---|---|---|
| উদ্যোগ গ্রহণ | দলিলপত্র প্রণয়ন | "?" | কার্যরম্ভের অনুমতিপত্র সংগ্রহ |

ক. কোম্পানির সংজ্ঞা দাও। ১

খ. কৃত্রিম ব্যক্তিসত্তা বলতে কী বুঝায়? ২

গ. উদ্দীপকের "?" চিহ্নিত ঘরে কোন কার্যটি সংগঠিত হবে? ব্যাখ্যা কর। ৩

ঘ. কার্যারম্ভের অনুমতিপত্র সংগ্রহের সাথে উদ্দীপকের "?" চিহ্নিত ঘরের সম্পর্ক বিশ্লেষণ কর। ৪

Teachingbd.com

http://teachingbd.com

৪.▶ লিজা রবীন্দ্রনাথের ডাক হরকরা বই পড়েছে। বৃটিশ আমল হতে এ সার্ভিস বাংলাদেশে চালু আছে। মোবাইল, কুরিয়ার সার্ভিসের উদ্ভব এর গুরুত্বকে খাটো করেছে। সেই সময়ের আরো একটি সার্ভিস এ দেশে চালু আছে যাতে আজো উন্নয়নের ছোঁয়া লাগেনি। তাই সার্ভিসটি নিশ্চিত লাভের খাত হওয়া সত্ত্বেও প্রতি বছর লোকসান হচ্ছে।

ক. PPP-এর পূর্ণরূপ লিখ। ১
খ. কেন রাষ্ট্রীয় ব্যবসায় বৃহদায়তন হয়? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে ১ম কোন প্রতিষ্ঠানটিকে নির্দেশ করছে? তা ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে পরবর্তী সার্ভিসটি কোন প্রতিষ্ঠানকে বোঝায়? এর উন্নয়নের অপরিহার্যতা মূল্যায়ন কর। ৪

৫.▶ অর্ধশিক্ষিত ও অশিক্ষিত ৩০ জন চাষীকে নিয়ে আব্দুল মোতালেব একটি সমবায় সংগঠন প্রতিষ্ঠা করলেন যাতে সার, বীজ ও অন্যান্য বিষয়ে পরামর্শ ভিত্তিক কাজ করা যায়। প্রথম দু এক বছর প্রবল আগ্রহ দেখালেও ইদানিং তাদেরকে নিয়মিত মিটিং ও অন্যান্য সাংগঠনিক কাজে পাওয়াই যায় না। বর্তমানে তাদের সমিতি অবসায়নের পথে।

ক. সমবায় সমিতি বিধিমালা কত সালের? ১
খ. সমবায় সমিতির মুনাফা বণ্টন পদ্ধতি ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে উল্লেখিত সংগঠনটি কোন ধরনের সমবায় সমিতি? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের সমবায় সমিতির অবসায়নের কারণ বিশ্লেষণ কর। ৪

৬.▶ এ যুগের ছেলে নিহাল ও তার অধ্যাপক বাবার মধ্যে একটি বিষয় নিয়ে মতভেদ দেখা দিয়েছে। বাবা মনে করেন নিজের জমানো টাকা বুথ থেকে সংগ্রহ করে কেনাকাটা ভাল আর নিহাল মনে করে ব্যাংকে টাকা না থাকলেও একটি বিশেষ কার্ডের মাধ্যমে কেনাকাটা আরো ভাল। কিন্তু বাবা মানতে নারাজ কারণ ওতে বেশ কিছু সমস্যা রয়েছে।

ক. ই-কমার্স এর অর্থ কী? ১
খ. ই-মার্কেটিং কেন ই-রিটেইলিং নয়? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে বাবা কোন বিষয়ের প্রতি ইঙ্গিত করেছেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. নিহালের প্রস্তাবের সাথে তার বাবার একমত না হওয়ার কারণ বিশ্লেষণ কর। ৪

Teachingbd.com

৭.▶ রাজন ও মোহন দুজনই একই গ্রামের দুই তাঁতি পরিবারের সন্তান। রাজন নিজ গ্রামে কয়েকটি তাঁত মেশিন নিয়ে নিজের পাশাপাশি আরো কয়েকজনকে কর্মসংস্থানের ব্যবস্থা করতে পেরেছে। মোহন তার বিপরীত। সে ব্যবসায় করতে আগ্রহী নয়। কারণ ব্যবসায়কে তার কাছে একটি বড় ঝামেলা ও জটিল কাজ মনে হয়।

ক. BGMEA-এর পূর্ণরূপ লিখ। ১

খ. SME ফাউন্ডেশন বলতে কী বুঝায়? ২

গ. উদ্দীপকে উল্লেখিত মোহনের ব্যবসায় করার জন্য কোন ধরনের সহায়ক সেবার প্রয়োজন? ৩

ঘ. উদ্দীপকে উল্লেখিত রাজন দেশের অর্থনৈতিক উন্নয়নে ভূমিকা রাখতে পারবে কী? মতামত দাও। ৪

৮.▶ আবিস্কারক মিসেস স্বর্ণলতা তার উদ্ভাবিত "ফরমালিন টেস্টার" এর নিবন্ধন করলেও উদিয়মান লেখিকা শাহনাজ পারভীন তার লেখা "কান্নার নোনা জলে তুমি" বইটির ব্যাপারে এরূপ কোন উদ্যোগ গ্রহণ করেন নি। ফলে তুমুল জনপ্রিয় তার বইটি বাজারে অঢেল কপি বিক্রি হলেও তিনি তেমন অর্থ উপার্জন করতে পারেন নি।

ক. ISO কী? ১

খ. বি এস টি আই কেন এত গুরুত্বপূর্ণ প্রতিষ্ঠান? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের আবিস্কারক মিসেস স্বর্ণলতার কাজটি ব্যবসায়ের কোন আইনগত দিকটিকে তুলে ধরে? লিখ। ৩

ঘ. উদ্দীপকের লেখিকা শাহনাজ পারভীন আইনের আশ্রয় নিলে কী সুবিধা পেতেন? তোমার যুক্তি দাও। ৪

৯.▶ মি. কসিমদানী একজন পেঁয়াজ আমদানীকারক। গত রমজানের মাস খানেক আগে ২ লাখ মেট্রিক টন পেঁয়াজ আমদানী করলেও যথাসময়ে তা বাজারে সরবরাহ করেন নি। ফলে পুরো রমজান মাসে বাজারে পেঁয়াজের দাম অনেক বেড়ে যায়। এতে মি. কসিমদানী প্রচুর মুনাফা অর্জন করেন।

ক. বণিক সমিতি কী? ১

খ. ফরমালিন ব্যবহারের কুফল ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে মি. কসিমদানী সমাজের কোন পক্ষের প্রতি দায়িত্ব পালনে অবজ্ঞা করেছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. নৈতিকতার মানদন্ডে মি. কসিমদানীর ব্যবসায়িক কর্মকান্ড মূল্যায়ন কর। ৪

Teachingbd.com

সময় — ৪০ মিনিট  পূর্ণমান — ৪০  বিষয় কোড: ২ ৭ ৭

*[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]*

১. Business শব্দের অর্থ কী?
ক) ব্যস্ত থাকা  খ) ব্যবসায় করা
গ) বাণিজ্য করা  ঘ) বিনিময় করা

২. ব্যবসায়ের মূল উদ্দেশ্য কোনটি?
ক) মূলধন বিনিয়োগ  খ) মুনাফা অর্জন
গ) সামাজিক দায়িত্ব  ঘ) সেবা দান

৩. গুদামজাতকরণ কোন ধরনের উপযোগ সৃষ্টি করে?
ক) স্থানগত  খ) কালগত
গ) অর্থগত  ঘ) চাহিদাগত

৪. 'বিশ্বায়ন' কোন পরিবেশের অন্তর্ভুক্ত?
ক) সামাজিক  খ) রাজনৈতিক
গ) আইনগত  ঘ) আন্তর্জাতিক

৫. প্রাচীনতম কারবার সংগঠন কোনটি?
ক) একমালিকানা কারবার
খ) অংশীদারি কারবার
গ) সমবায় সমিতি  ঘ) যৌথমূলধনি কোম্পানি

**উদ্দীপকটি পড়ো এবং ৬ ও ৭ নং প্রশ্নের উত্তর দাও।**
ডিগ্রী অর্জনের পর চাকরির আশা না করে ফারহানা দিনাজপুর শহরে একটি 'ফাস্ট ফুডের' দোকান স্থাপন করে। যুব উন্নয়ন অধিদপ্তর হতে প্রশিক্ষণ নেয়া ফারহানা বেশ পুষ্টিকর ও মুখরোচক খাবার সরবরাহ করে অল্প সময়ের মধ্যে তার প্রতিষ্ঠানের সুনাম ছড়িয়ে পড়ে। ফলে তার প্রচুর মুনাফা অর্জিত হয়।

৬. ফারহানার ব্যবসায়টি কোন ধরনের?
ক) অংশীদারী কারবার  খ) একমালিকানা কারবার
গ) কোম্পানি ব্যবসায়  ঘ) সমবায় ব্যবসায়

৭. কোন সুবিধার কারণে ফারহানা ব্যবসায়ে দ্রুত সাফল্য অর্জন করে?
ক) ভাল ব্যবহার  খ) অবস্থানগত
গ) ব্যাক্তিগত নৈপুণ্য  ঘ) গ্রাহক সম্পর্ক

৮. বাংলাদেশে বলবৎযোগ্য ১৯৩২ সালের অংশীদারী আইনের কোন ধারায় এর সংজ্ঞা প্রদত্ত হয়েছে?
ক) ২ ধারা  খ) ৩ ধারা
গ) ৪ ধারা  ঘ) ৫ ধারা

৯. ব্যাংকিং অংশীদারি ব্যবসায়ের সর্বোচ্চ সদস্য সংখ্যা কত?
ক) ৭ জন  খ) ১০ জন
গ) ২০ জন  ঘ) ৫০ জন

১০. নিচের কোনটিকে কোম্পানির গঠণতন্ত্র বলা হয়?
ক) সংঘ বিধি  খ) সংঘ স্মারক
গ) বিবরণ পত্র  ঘ) নিবন্ধন পত্র

১১. কোন ধরনের কোম্পানি বাজারে শেয়ার বিক্রয় করে?
ক) প্রাইভেট লিঃ কোম্পানি
খ) পাবলিক লিঃ কোম্পানি
গ) সাবসিডিয়ারী কোম্পানি
ঘ) নিবন্ধিত কোম্পানি

১২. কোন যুগে বিনিময় প্রথার উদ্ভব ঘটে?
ক) প্রাচীন  খ) মধ্য
গ) আধুনিক  ঘ) প্রাগৈতিহাসিক

**উদ্দীপকটি পড়ো এবং ১৩ ও ১৪ নং প্রশ্নের উত্তর দাও।**
পদ্মা কোম্পানি লিমিটেড নিবন্ধন লাভের পর কার্যারম্ভের অনুমতির জন্য অপেক্ষা করে। অনুমতি লাভের পর বাজারে শেয়ার বিক্রি শুরু করে। কিন্তু একটি সভা অনুষ্ঠান না করায় নিবন্ধক তাদের নিবন্ধন বাতিলের হুমকি দেয়।

১৩. পদ্মা কোম্পানি লিঃ কোন ধরনের শেয়ার ইস্যু করে?
ক) অগ্রাধিকার শেয়ার  খ) সাধারণ শেয়ার
গ) রাইট শেয়ার  ঘ) বোনাস শেয়ার

১৪. কোন সভা অনুষ্ঠানে ব্যর্থ হওয়ায় পদ্মা কোম্পানিকে নিবন্ধন বাতিলের হুমকি দেয়া হয়?
ক) সাধারণ সভা  খ) বিশেষ সভা
গ) বার্ষিক সভা  ঘ) বিধিবদ্ধ সভা

১৫. কোন আইন দ্বারা বাংলাদেশে সমবায় সমিতি গঠিত ও পরিচালিত হয়?
ক) ১৯৩২  খ) ১৯৮৪
গ) ২০০১  ঘ) ২০০৪

১৬. সমবায়ের মূলনীতি হলো —
i. একতা
ii. সততা
iii. চুক্তি
নিচের কোনটি সঠিক?
ক) i ও iii  খ) i ও ii
গ) ii ও iii  ঘ) i, ii ও iii

১৭. সমবায় সমিতির মুনাফার কত অংশ সঞ্চিতি তহবিলে রেখে মুনাফা বন্টন করতে হয়?
ক) ৫%  খ) ১০%
গ) ১৫%  ঘ) ২০%

১৮. বীমার উদ্দেশ্য হলো —
i. ঝুঁকি হ্রাস  ii. নিরাপত্তা বিধান
iii. মূলধন গঠন
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii  খ) ii ও iii
গ) i ও iii  ঘ) i, ii ও iii

১৯. বিশ্বের কোন দেশে সর্বপ্রথম ট্রেডমার্ক ব্যবহৃত হয়?
ক) যুক্তরাষ্ট্র  খ) ফ্রান্স
গ) ইতালি  ঘ) যুক্তরাজ্য

২০. কোন উপাদানের অভাবে একজন নাবালক বীমা চুক্তিসম্পাদন করতে পারে না?
ক) বীমাযোগ্য স্বার্থ  খ) চুক্তি সম্পাদন যোগ্যতা
গ) আইনগত সম্পর্ক  ঘ) প্রিমিয়াম প্রদানে অক্ষম

**উদ্দীপকটি পড়ো এবং ২১ ও ২২ নং প্রশ্নের উত্তর দাও।**
রূপম একজন গীতিকার। তিনি নিজে গান লেখেন ও সুর করেন। তার লেখা ও সুর করা একটি গান অনুপম নামে অন্য একজন ব্যক্তি নিজের বলে বাজারে ছাড়ে এবং সত্ত্ব দাবী করে। রূপম আদালতে মামলা দায়ের করেও কোন আইনগত প্রতিকার পাননি।

২১. কোন আইনগত উপাদানের অভাবে রূপম আদালতে সাহায্য পাননি?
ক) কপি রাইট  খ) ট্রেডমার্ক
গ) পেটেন্ট  ঘ) আইএসও

http://teachingbd.com

২২. রূপমের গান কোন ধরনের সম্পদ?
i. বুদ্ধিবৃত্তিক    ii. চিন্তাশীল
iii. অবস্তুগত
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii    ⓚ i ও iii
ⓖ ii ও iii    ⓖ i, ii ও iii

২৩. ক্ষুদ্র ও কুটির শিল্পের বৈশিষ্ট্য হলো —
i. ৫০ জনের কম শ্রমিক
ii. মূলধন ১০ কোটি টাকার মধ্যে
iii. ব্যবস্থাপনা ও মালিকানা আলাদা
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii    ⓚ i ও iii
ⓖ ii ও iii    ⓖ i, ii ও iii

২৪. কোন কোম্পানি সর্বপ্রথম অন-লাইন ব্যবসায় শুরু করে?
ⓚ Apple    ⓚ IBM
ⓖ GEC    ⓖ Google

২৫. ই-ব্যাংকিং বলতে বুঝায় —
i. টাকা জমাদান    ii. টাকা উত্তোলন
iii. টাকা স্থানান্তর
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii    ⓚ i ও iii
ⓖ ii ও iii    ⓖ i, ii ও iii

২৬. কোনটি উদ্যোক্তার মূল কাজ?
ⓚ ঝুঁকি গ্রহণ    ⓚ উদ্ভাবন
ⓖ সাহসিকতা    ⓖ উন্নয়ন

২৭. প্রাকৃতিক পরিবেশের উপাদান —
i. জনসংখ্যা    ii. বনজ সম্পদ
iii. খনিজ সম্পদ
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii    ⓚ i ও iii
ⓖ ii ও iii    ⓖ i, ii ও iii

২৮. অংশীদারি ব্যবসায়ের বিলোপসাধন ঘটে যেসব কারণে তা হলো—
i. কোন অংশীদারের মৃত্যুতে
ii. ব্যবসায় লোকসান হলে
iii. অংশ হস্তান্তর করলে
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii    ⓚ i ও iii
ⓖ ii ও iii    ⓖ i, ii ও iii

২৯. কোন কোম্পানিতে সরকারের কমপক্ষে কী পরিমাণ শেয়ার মালিকানা থাকলে তাকে রাষ্ট্রীয় কারবার বলা যায়?
ⓚ ৫০%    ⓚ ৫১%
ⓖ ৭৫%    ⓖ ১০০%

৩০. বাংলাদেশ সড়ক পরিবহন সংস্থা কোন মন্ত্রনালয়ের অধীন?
ⓚ শিল্প মন্ত্রনালয়    ⓚ স্ব-রাষ্ট্র মন্ত্রানলয়
ⓖ যোগাযোগ মন্ত্রনালয়    ⓖ সেতু মন্ত্রনালয়

৩১. রাষ্ট্রীয় কারবারের প্রধান উদ্দেশ্য —
i. জনকল্যাণ    ii. মুনাফা অর্জন
iii. সুষম উন্নয়ন
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii    ⓚ i ও iii
ⓖ ii ও iii    ⓖ i, ii ও iii

৩২. বাংলাদেশে পণ্যের মান সংরক্ষণে কোন প্রতিষ্ঠান নিয়োজিত?
ⓚ BSTI    ⓚ ICB
ⓖ BCIC    ⓖ BSIF

৩৩. ট্রেডমার্কের স্থায়িত্বকাল কত?
ⓚ ৭ বছর    ⓚ ১০ বছর
ⓖ ১২ বছর    ⓖ ১৫ বছর

৩৪. কপিরাইট আইন সর্বপ্রথম কোন দেশে চালু হয়?
ⓚ যুক্তরাষ্ট্রে    ⓚ ফ্রান্সে
ⓖ যুক্তরাজ্যে    ⓖ ইতালি

৩৫. নিচের কোন শর্ত বিদ্যমান থাকায় পিতা পুত্রের জীবন বীমা করতে পারেন?
ⓚ চূড়ান্ত সদ্বিশ্বাস    ⓚ ক্ষতিপূরণ প্রাপ্তি
ⓖ প্রিমিয়াম প্রদান    ⓖ বীমাযোগ্য স্বার্থ

৩৬. SAARC-এ কী বুঝায়?
ⓚ South Asian Association for Regional Co-operation
ⓚ South Asian Association of Companies.
ⓖ South Asian Association of Corporation
ⓖ South Asian Regional Corporation

৩৭. পলিথিন ব্যবহারের ফলে পরিবেশের যেসব উপাদান ক্ষতিগ্রস্থ হয় —
i. মাটি    ii. বায়ু
iii. পানি
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii    ⓚ i ও iii
ⓖ ii ও iii    ⓖ i, ii ও iii

৩৮. ন্যায্য মূল্যে পণ্য সরবরাহ সমাজের কোন পক্ষের প্রতি দায়িত্ব পালন হচ্ছে?
ⓚ ব্যবসায়ি    ⓚ ভোক্তা
ⓖ সরকার    ⓖ শ্রমিক

উদ্দীপকটি পড়ো এবং ৩৯ ও ৪০ নং প্রশ্নের উত্তর দাও।
জুয়েল ব্যবসায়ের উদ্দেশ্যে রাজশাহীর আম বাগান থেকে সরাসরি রাসায়নিক মুক্ত আম সংগ্রহ করে খুলনায় বিক্রয় করেন। এতে ব্যবসায় মুনাফা অর্জনসহ বেশ জনপ্রিয়তা লাভ করে।

৩৯. জুয়েল ব্যবসায়ে কোন দিকটির উপর অধিক গুরুত্ব দিয়েছেন?
ⓚ মুনাফা অর্জন    ⓚ কর্মসংস্থান
ⓖ মূল্যবোধ    ⓖ সামাজিকতা

৪০. জুয়েলের ব্যবসায় সাফল্যের কারণ —
i. পরিবেশ    ii. নৈতিকতা
iii. দায়বদ্ধতা
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii    ⓚ i ও iii
ⓖ ii ও iii    ⓖ i, ii ও iii

উত্তর

| | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ ক | ২ খ | ৩ খ | ৪ ঘ | ৫ ক | ৬ খ | ৭ গ | ৮ গ | ৯ খ | ১০ খ | ১১ খ | ১২ ক | ১৩ খ | ১৪ ঘ | ১৫ গ | ১৬ খ | ১৭ গ | ১৮ ঘ | ১৯ ঘ | ২০ গ |
| ২১ ক | ২২ খ | ২৩ ক | ২৪ খ | ২৫ ঘ | ২৬ ক | ২৭ গ | ২৮ ঘ | ২৯ খ | ৩০ খ | ৩১ খ | ৩২ ক | ৩৩ ক | ৩৪ গ | ৩৫ ঘ | ৩৬ ক | ৩৭ ঘ | ৩৮ খ | ৩৯ গ | ৪০ গ |

http://teachingbd.com